



লেবাননে হামলা কোনোভাবেই উচিত হয়নি: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

লেবাননের রাজধানী বৈরুতে সাম্প্রতিক ইসরায়েলি হামলার সমালোচনা করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি বলেছেন, এই ধরনের হামলা কোনোভাবেই হওয়া উচিত হয়নি।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় ট্রাম্প জানান, মধ্যপ্রাচ্যে যখন একটি শান্তি চুক্তি চূড়ান্ত পর্যায়ে রয়েছে, তখন এ ধরনের পদক্ষেপ পুরো প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে পারে।

তিনি বলেন, ইসরায়েলের আত্মরক্ষার অধিকার রয়েছে, তবে সাম্প্রতিক পাল্টা প্রতিক্রিয়া ছিল সীমিত ও তেমন গুরুত্বপূর্ণ নয়। এমন ঘটনায় বড় ধরনের শান্তি উদ্যোগ ঝুঁকির মুখে ফেলা ঠিক হবে না।

ট্রাম্প আরও বলেন, লেবানন ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা কমিয়ে আনার সুযোগ এখন তৈরি হয়েছে এবং সেটিকে কাজে লাগানো জরুরি। তিনি সব পক্ষকে সংযত থাকার আহ্বান জানান।

শেষে তিনি সতর্ক করে বলেন, ইসরায়েল ও হিজবুল্লাহ উভয় পক্ষকেই হামলা থেকে বিরত থাকতে হবে, নাহলে পরিস্থিতি আরও জটিল হয়ে উঠবে।